সংবাদ

তারিখ 24 JAN 2006
পৃষ্ঠা ৪ কলাম ৫

## ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট

# বর্ধিত ফি প্রত্যাহার দাবিতে অবরোধ ভাঙচুর : লাঠিচার্জে আহত অর্ধশত

নিজস্ব বার্তা পরিবেশক, ময়মনসিংহ

সোমবার সকালে বর্ধিত সেশন ফি প্রত্যাহার করার দাবিতে ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউটের ক্ষুব্ধ ছাত্ররা প্রায় ২ ঘণ্টা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ ও যানবাহন ভাঙচুর করেছে। এ সময় পুলিশের ব্যাপক লাঠিচার্জে কমপক্ষে অর্ধশত ছাত্র আহত হয়। এ ঘটনায় পুলিশ ৯ ছাত্রকে আটক করেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, দেশের সব পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রদের জন্য ১ হাজার ২০০ টাকা সেশন ফি ধার্য করা হলেও ময়মনসিংহে কর্তৃপক্ষ সেশন ফি'র সঙ্গে আরও অতিরিক্ত দেড়শ' টাকা জুড়ে দেয়। এ বর্ধিত সেশন ফি প্রত্যাহারের দাবিতে ছাত্ররা সকালে পলিটেকনিক ইনস্টিউটের সামনে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ব্যারিকেট দিয়ে অবরোধ সৃষ্টি করে। পরে ক্ষুব্ধ ছাত্ররা ইনস্টিটিউটে প্রবেশ করে শ্রেণীকক্ষ ছাড়াও একটি মাইক্রোসহ দুটি বাস ভাঙচুর করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে নির্বিচারে লাঠিচার্জ করে অবরোধকারীদের ছত্রভঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণ আনে। এ সময় পুলিশের লাঠিচার্জে কমপক্ষে অর্ধশত ছাত্র আহত হয়। আহতদের মধ্যে আরমান আহম্মেদ ও মোস্তাক রহমান নামে ২ ছাত্রকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। পুলিশ ঘটনাস্থল থেকে রাহাত তালুকদার, হাসান, আজাদ, আতিকুর রহমান, নাজমুল, রুবেল, আবু বকর, আবু রায়হান ও মাহফুজুর রহমান নামে ৯ ছাত্রকে আটক করে। এ ঘটনার পর থেকে গোটা ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে। পরিস্থিতি মোকাবেলায় ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে ইনস্টিটিউটের অধ্যক্ষ মোজাহেদ আলীর সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করা হলে তিনি অতিরিক্ত সেশন ফি আদায়ের বিষয়টি অস্বীকার করে জানান, ছাত্রদের সঙ্গে আলোচনা করেই বর্ধিত দেড়শ' টাকা নবীনবরণ ও পলিটেকনিক কিন্ডারগার্টেন স্কুল উন্নয়নের জন্য আদায় করা হচ্ছে। এ ঘটনার পর বিকেল ৪টায় ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিউটের একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়।